




বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

শিল্পনয়নী ও সমন্বয় শাখা
৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ই-মেইল: info@bscic.gov.bd, ওয়েব সাইট: www.bscic.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন


স্মারক নং- ৩৬.০২.০০০০.০১৪.১৬.১৫৩.২২.১৯১৭

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৯
২৬ এপ্রিল ২০২৩

বিষয় : বিসিকের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রার বিপরীতে আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ে কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২৩) ফিডব্যাক প্রদান সংক্রান্ত

শুদ্ধাচার চর্চায় স্বচ্ছতা ও জনাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক সকল মন্ত্রণালয়ের পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জন্যও কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে (APA) সরাসরি অন্তর্ভুক্ত করা হয়েছে। সেই সংগে দপ্তর/সংস্থার আওতাধীন আঞ্চলিক/মাঠপর্যায়ে কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে বলা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে আঞ্চলিক/মাঠপর্যায়ে কার্যালয়ের দাখিলকৃত প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের জন্য গত ১৫ মার্চ ২০২৩ তারিখে পত্র প্রেরণ করা হয়। চার আঞ্চলিক কার্যালয় কর্তৃক তার আওতাধীন জেলা কার্যালয়সমূহের প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। শুদ্ধাচার কর্মপরিকল্পনা মূল্যায়নসহ দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করা হয়েছে। দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায় প্রতিবেদন সূচকের ক্রমিক নং ১.১ ও ১.২ এর বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ ও প্রমাণক সংযুক্ত করা হয়েছে। বিশেষ করে ক্রমিক নং ১.৫, ক্রমিক নং ৩.১ এবং ক্রমিক নং ৩.৩ এ অগ্রগতি দেখানো হলেও প্রমাণক সংযুক্ত করা হয় নি।

বর্ণিতাবস্থায়, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২২-২৩ বাস্তবায়নে আওতাধীন জেলাসমূহের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনে উল্লিখিত ক্রমিক নং ১.৫, ক্রমিক নং ৩.১ এবং ক্রমিক নং ৩.৩ এর বিষয়ে উপযুক্ত প্রমাণাদি দ্রুত প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


(মো: আবদুল মতিন)

পরিচালক
(শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ)

ও
আহবায়ক
নৈতিকতা কমিটি
বিসিক, ঢাকা।

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কার্যালয়, বিসিক
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।